গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.২৯০০.০০০.১৪.০১৪.১৫.১০৪৩ তারিখঃ ২০/০৪/ ২০১৬।

বিষয় ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরের ফরিদপুর জেলা পরিষদরের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ ফরিদপুর জেলা পরিষদের স্মারক নং-জেপফ/প্রশা/২০১৫-১৬/১৯৭, তারিখঃ ১৬/৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ৬,৩০,০০০/- (ছয় লক্ষ ত্রিশ হাজার) টাকায় গৃহীত ৪ টি প্রশিক্ষণ প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

ক্রঃ নং	প্রশিক্ষণ প্রকল্পের নাম	প্রশিক্ষণের মেয়াদ	ব্যাচ সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	প্রশিক্ষণের ব্যয় (লক্ষ টাকায়)
১.	বিউটিফিকেশন	২১ কর্ম দিবস	৩টি	৬০ জন	২.৯০
২.	সেলাই ও কাটিং প্রশিক্ষণ	১৪ কর্ম দিবস	২টি	৩০ জন	০.৭৫
৩.	কম্পিউটার প্রশিক্ষণ	৩০ কর্ম দিবস	২টি	৫০জন	১.৭৫
৪.	ব্লক ও বাটিক প্রশিক্ষণ	১৪ কর্ম দিবস	২টি	৩০জন	০.৯০
				মোট=	৬.৩০

শর্তসমূহঃ

১) প্রশিক্ষনার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;

২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ফরিদপুর, উপ পরিচালক স্থানীয় সরকার ফরিদপুর, উপজেলা নির্বাহী অফিসার সদর ফরিদপুর সহকারী প্রকৌশলী জেলা পরিষদ ফরিদপুর এর সমন্বয়ে কমিটি গঠন করতে ;

৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণনার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;

৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;

৫) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণার্থীগন অন লাইনে অর্থ উপার্জনের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এরূপ বিষয় কোর্স মডিউলে অর্ন্তভূক্ত হবে;

৬) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করা যাবে এবং প্রশিক্ষণার্থীগণ যেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে।

২০/৪/১৬
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফরিদপুর।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪। প্রশাসক, জেলা পরিষদ, ফরিদপুর।
৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।